

উইন্ডোজ ১০ এর অটোমেটিক আপডেট অফ করতে আপনার ডেস্কটপের This PC লেখা আইকনে  মাউস এর ডান বাটনে ক্লিক করুন। একটি লিস্ট দেখাবে।

লিস্ট থেকে Manage লেখাতে ক্লিক করুন।




Computer Management নামে একটি ডায়ালগ বক্স ওপেন হবে।


লিস্ট এর নিচের দিকে Services and Applications লেখার উপর ক্লিক করুন।



ডান পাশের বক্সে Services লেখাটিতে ডাবল ক্লিক করুন।




Services এর অধীনে অনেকগুলো Service এর লিস্ট দেখা যাবে।




এই লিস্টের নিচের দিকে যেতে (w) অক্ষরটি চাপতে থাকুন অথবা স্ক্রল করে নিচের দিকে যান এক সময় Windows Update লেখাটি পাওয়া যাবে।


Windows Update লেখাটির উপর মাউস এর ডান বাটন ক্লিক করে লিস্ট থেকে Properties লেখাতে ক্লিক করুন।




Windows Update Properties (Local Computer) নামক বক্সটি ওপেন হবে।



একটু নিচের দিকে Startup type: লেখার ডানে লিস্ট থেকে Disabled লেখাটি সিলেক্ট করুন।




তার একটু নিচে Stop লেখাতে ক্লিক করুন।



একটি আলাদা বক্স ওপেন হয়ে নিজে নিজেই চলে যাবে।

তারপর এই বক্স এর নিচের দিকে Apply লেখা বাটনে ক্লিক করে OK লেখা বাটনে ক্লিক করুন।



আশা করি আপনার উইন্ডোজ এর অটোমেটিক আপডেট অফ হয়ে গেছে ইনশাআল্লাহ।

এবার সবগুলো বক্স ক্লোজ করে বের হয়ে আসুন।